ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২২০২</u>

আগরতলা, ৭ আগস্ট, ২০২৫

## ব্রহ্মকুন্ড চা বাগান পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে সিমনায় ব্রহ্মকুন্ড চা বাগান পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি চা বাগানের কর্মীদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি ব্রহ্মকুন্ড চা প্রক্রিয়াকরণ কেন্দ্রটি পরিদর্শন করেন। পরে সংবাদ মাধ্যমকে তিনি জানান, রাজ্য সরকার চা প্রক্রিয়াকরণ শিল্পের আধুনিকীকরণে পদক্ষেপ নিয়েছে। ব্রহ্মকুন্ড চা প্রক্রিয়াকরণ কেন্দ্রটি ভালোভাবেই চলছে।

রাজ্যপাল ব্রহ্মকুন্ড চা বাগানের পর্যটন কেন্দ্রটিতে পৌছালে তাঁকে স্বাগত জানান ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সমীররঞ্জন ঘোষ, ম্যানেজিং ডিরেক্টর মানিকলাল দাস, মোহনপুরের মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ। টিটিডিসিএল’র চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর ব্রহ্মকুন্ড চা বাগান এবং প্রক্রিয়াকরণ কেন্দ্রটির বিষয়ে রাজ্যপালকে বিস্তারিত অবহিত করেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

*******